

2020/TDC(CBCS)/ODD/SEM/  
BNGSEC-301T/366

TDC (CBCS) Odd Semester Exam., 2020  
held in March, 2021

BENGALI  
( 3rd Semester )



Course No. : BNGSEC-301T

( অনুবাদতত্ত্ব ও গণজ্ঞাপন )

পূর্ণমান : ৫০  
উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দাও :

১×১৫=১৫

১। 'Target text'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

২। 'ভ্রান্তিবিলাস' কোন্ ইংরেজি গ্রন্থের বাংলা অনুবাদ?

- ৩। 'জোতাকাহিনী'-র রচয়িতা কে?
- ৪। "স্থান, ব্যক্তি ইত্যাদি বিশেষ্য পদের অনুবাদ হয় না।" মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ?
- ৫। অনুবাদের জন্য গৃহীত গ্রন্থটিকে কী বলা হয়—উৎসপাঠ না উদ্দিষ্টপাঠ?
- ৬। 'অভিজ্ঞানশকুন্তলম্'-এর বাংলা অনুবাদক কে?
- ৭। গিরিশচন্দ্র ঘোষের জন্ম সাল কত?
- ৮। শেক্সপিয়রের 'ম্যাকবেথ' নাটকটি কত সালে প্রকাশিত হয়?
- ৯। ডনালবেন কে?
- ১০। ব্যাকোর পুত্রের নাম কী?
- ১১। ম্যাকবেথের সহযোদ্ধার নাম লেখো।
- ১২। গিরিশচন্দ্রের 'ম্যাকবেথ' নাটকটি অভিনীত হয়েছে এমন একটি থিয়েটারের নাম লেখো।

১৩। 'Report'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

১৪। 'Interview'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

১৫। 'বাতচীত'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

১৬। 'মুমকিন'-এর বাংলা প্রতিশব্দ লেখো।

১৭। 'বাতবি'-র বাংলা প্রতিশব্দ লেখো।

১৮। 'ডাঙবিয়া'-র বাংলা প্রতিশব্দ লেখো।

১৯। বাংলা ভাষায় প্রথম মুদ্রিত পত্রিকা কোনটি?

২০। বিশ্বের সর্বপ্রথম নিয়মিত সংবাদপত্রটির নাম লেখো।

২১। "সংবাদ ভারতীয় গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ বলে স্বীকৃত।" মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ?

২২। কোন্ যুগকে 'The Age of Newspaper' বলা হয়?

২৩। 'সেকাল একালের সংবাদ পরিবেশনের ধারা ও বিচিত্র সংবাদ' গ্রন্থের রচয়িতা কে?

২৪। 'সেকাল একালের সংবাদ পরিবেশনের ধারা ও বিচিত্র সংবাদ' গ্রন্থটির প্রকাশকাল কত ?

২৫। ল্যাটিন শব্দ 'Ad Vertere' থেকে ইংরেজি কোন্ শব্দটি জাত ?

২৬। এয়ারিস্টটল জ্ঞাপনের কয়টি উপাদানের কথা বলেছেন ?

২৭। 'FM'-এর পূর্ণ রূপটি লেখো।

২৮। বিশ্বের প্রথম অনলাইন নিউজ পোর্টাল কোনটি ?

২৯। 'Journal' শব্দটি কোন্ ভাষা থেকে জাত ?

৩০। ভারতীয় সংবাদপত্রের জনক কে ?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

৩১। রূপান্তর বলতে কী বোঝ ?

৩২। অনুবাদতত্ত্ব-বিষয়ক দুটি গ্রন্থের নাম লেখো।

৩৩। গিরিশচন্দ্র ছাড়া 'ম্যাকবেথ' নাটকের অন্য দুজন অনুবাদকের নাম লেখো।

৩৪। "নিজ পুরুষার্থ বলে, চাহ কি লভিতে  
জীবনের সার রত্ন-মুকুট-ভূষণ?"

বক্তা কে? কাকে লক্ষ্য করে এই উক্তি করা হয়েছে?

৩৫। "Happiness is when what you think, what  
you say, and what you do are in  
harmony."

বাংলায় অনুবাদ করো।

৩৬। "সবল হোবা কিন্তু দুর্বল নহবা। শক্তিশালী হোবা কিন্তু অত্যাচারী  
নহবা।"

বাংলায় অনুবাদ করো।

৩৭। সংবাদ পরিবেশনের দুটি উদ্দেশ্য উল্লেখ করো।

৩৮। 'হলুদ সাংবাদিকতা' বলতে কী বোঝ?

৩৯। জ্ঞাপনের দুটি মাধ্যমের নাম লেখো।

৪০। আন্তঃজ্ঞাপন বলতে কী বোঝ?